দৈনিক খবর

তারিখ 11 FEB 1993
পৃষ্ঠা ৮ কলাম ৬

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় উদ্বোধন

# সরকার শিক্ষা বিস্তারে বেসরকারী ও ব্যক্তি উদ্যোগকে স্বাগত জানাবে

### — প্রধানমন্ত্রী

বাসস জানায়ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল বুধবার ঢাকা নগরীর গুলশানে বেসরকারী খাতে দেশের প্রথম সরকারী অনুমোদনপ্রাপ্ত ডিগ্রী প্রদানকারী নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছেন।

দেশের প্রথম বেসরকারী এই বিশ্ববিদ্যালয়টি ব্যবসায় প্রশাসন, কম্পিউটার বিজ্ঞান এবং অর্থনীতির মোট তিনটি আন্ডার গ্রাজুয়েট কর্মসূচীতে ২শ' জন ছাত্র নিয়ে তার যাত্রা শুরু করেছে।

বাংলাদেশে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ধারণাটি একেবারে নতুন। ১৯৯২ সালের ২৪ মার্চ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সরকার শিক্ষা ক্ষেত্রে বেসরকারী ও ব্যক্তি উদ্যোগকে উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশে বেসরকারীভাবে বিশ্ববিদ্যালয় চালু করার অনুমতিদানের সিদ্ধান্ত গ্রহণ করেন। এবং ১৯৯২ সালের ৫ই আগষ্ট 'বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন–১৯৯২' অনুমোদিত হয়।

গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকে জাতিকে শিক্ষিত করে তোলার বিশাল কর্মকাণ্ডে একটি সঠিক পদক্ষেপ বলে বর্ণনা করেন। তিনি বলেন, শিক্ষা ছাড়া কোনো অর্থবহ উন্নয়ন সাধন সম্ভব নয় বলে তাঁর সরকার শিক্ষার উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছে।

বেগম জিয়া বলেন, শিক্ষার বিস্তারকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার লক্ষ্যে তাঁর সরকার বেসরকারী এবং ব্যক্তি উদ্যোগকে স্বাগত জানাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী, ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট মুসলেহউদ্দিন আহমদ, বিশ্ববিদ্যালয় বোর্ড অব গভর্নরস ও নির্বাহী কমিটির চেয়ারম্যান ইফতেখারুল আলম এবং ইনডাওমেন্ট কমিটির চেয়ারম্যান এম এ কাশেম।

মন্ত্রীবর্গ, সংসদ সদস্যবৃন্দ, কূটনীতিক, শিক্ষাবিদ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্ররা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এর আগে বেগম জিয়া গুলশানের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এসে পৌঁছলে তাঁর সাথে শিক্ষকবৃন্দ, উদ্যোক্তা এবং বোর্ড অব গভর্নরস ও নির্বাহী কমিটির সদস্যদের পরিচয় করিয়ে দেয়া হয়।

অনুষ্ঠানকালে ভাষা আন্দোলনের শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য এক মিনিটকাল নীরবতা পালন করা হয়।

প্রধানমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেন, গণতান্ত্রিক চেতনার সাথে বেসরকারী উদ্যোগ সম্পৃক্ত থাকায় তাঁর সরকার সকল ক্ষেত্রে বেসরকারী উদ্যোগকে পৃষ্ঠপোষকতা করার নীতি ঘোষণা করেছে। তিনি বলেন, শিক্ষা ক্ষেত্রে বেসরকারী উদ্যোগকে সহজতর করার জন্য আইনগত কাঠামো গঠন করা হয়েছে। সংসদে বেসরকারী বিশ্ববিদ্যালয় বিলের অনুমোদন তার প্রমাণ।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের অভিনন্দিত করে বেগম জিয়া আশা প্রকাশ করেন যে, এই বিশ্ববিদ্যালয়ের উদাহরণ অনুসরণ করে অন্যরাও এগিয়ে আসবেন এবং শিক্ষা বিস্তারের সরকারী প্রচেষ্টাকে সফল করে তুলবেন। তিনি বলেন, ফেব্রুয়ারী মাসে এই বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন আমাদের ভাষা আন্দোলনের চেতনার প্রমাণবহ।

বিশ্ব ব্যাংকের একটি সাম্প্রতিক জরিপ উদ্ধৃত করে বেগম জিয়া বলেন, মৌলিক শিক্ষার সাহায্য দানের কর্মসূচী অন্যান্য যে কোনো খাতে বিনিয়োগের তুলনায় উচ্চতর হারে আর্থিক মুনাফা প্রদান করে। তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে উচ্চতর শিক্ষা সবচেয়ে কার্যকর বাহন। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে দক্ষিণ–পূর্ব এশিয়ার কয়েকটি দেশের উদাহরণ দিয়ে বলেন যে, উচ্চতর শিক্ষায় অগ্রাধিকার প্রদানের ফলে ওইসব দেশে মাথাপিছু আয়ের পরিমাণ অত্যন্ত দ্রুত বৃদ্ধিপেয়েছে।